Ramakrishna Mission Vidyalaya

Narendrapur, Kolkata-700103

Syllabuses and sample Questions for Admission Test

Class V (Bengali Medium)

বাংলা

(Syllabus)

১. একই বানান অথচ ভিন্ন অর্থ এবং বাক্যে প্রয়োগ ।
২. চিঠি লেখা ঃ ক) প্রধানশিক্ষককে, খ) বন্ধুকে, গ) বাবা-মাকে ।
৩. কোনো কবিতার অংশকে বা গদ্যের অংশকে পড়ে নিজের ভাষায় লেখা ।
৪. কারক-বিভক্তি (অকারক ঃ সম্বোধন পদ, সম্বন্ধ পদ) ।
৫. বাক্যে নানারকম ভুল সংশোধন ।
৬. বাক্যে পদবিন্যাস ;
৭. প্রদত্ত শব্দের সাহায্যে বাক্যরচনা ;
৮. শব্দার্থ ;
৯. বিপরীতার্থক শব্দ ;
১০. বানান ;
১১. বোধ পরীক্ষণ ;
১২. হাতের লেখা ;
১৩. বর্ণ পরিচয়, (যুক্তব্যঞ্জন সহ),
১৪. বর্ণ বিশ্লেষণ ;
১৫. পদ পরিচয় ;
১৬. এককথায় লেখা ;
১৭. পদান্তর;
১৮. সমোচ্চারিত ভিন্ন অর্থবোধক শব্দ ;
১৯. প্রতিশব্দ বা সমার্থক শব্দ ;
২০. সূত্রসহ স্বরসন্ধি ;
২১. লিঙ্গ, বচন, পুরুষ ;
২২. সাধু ও চলিত ভাষা ;
২৩. যতিচিহ্ন;
২৪. শব্দের বিশিষ্টার্থে প্রয়োগ;
২৫. স্বচ্ছন্দ রচনা ।

সহায়ক পুস্তক ঃ চতুর্থ বা পঞ্চম শ্রেণির পাঠ্য যে কোনো বই ।

(Sample Questions)

১। ক) ‘‘তৃষ্ণা ওদের মেটেনা তামাম দুনিয়ার ঐশ্বর্যেও
ওরা চায় তাই টাকার পাহাড় তুলতে
ওদেরি জন্যে খুন করো, নিজে খুন হও
ওরা যাতে পারে টাকার পাহাড় তুলতে ।
খোলাখুলি ওরা বলে না মোটেই
মরা ডালে দেয় ঝুলিয়ে লণ্ঠন
মিথ্যাকে ফুলবাবুটি সাজিয়ে বড়ো রাস্তায় ঘোরায়
চুমকি-বসানো জেল্লার নীচে ল্যাজগুলো রাখে ঢেকে।’’

কবিতাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর লেখ ঃ
i) ‘ওরা’ বলতে কাদেরকে বোঝান হয়েছে ?
ii) ‘তামাম’ ও ‘ঐশ্বর্য’ শব্দ দুটির অর্থ লেখ ।
iii) কবিতাটির অন্তর্নিহিত অর্থটি কমবেশি চারটি বাক্যে লেখ ।

২। বাক্যে পদবিন্যাস কর ঃ
পারলৌকিক, জীবনকে, মঙ্গলের, পিছনে, উপোসি, রেখে, ছোটা, পিছনে, মরীচিকার, নিরর্থক, দৌড়োনোর, মতোই ।

৩। বাক্য রচনা কর ঃ
সন্ন্যাসী, কৃত্রিম, পথশ্রম ।

৪। অর্থ লেখ ঃ
ত্বরা, পারিতোষিক, সারমেয় ।

৫। বিপরীতার্থক শব্দ লেখ ঃ
গর্বিত, আবির্ভাব, মহৎ ।

৬। শূন্যস্থানে উপযুক্ত অক্ষর বসাও ঃ
মু----র্ষু , ক----ক্তি, অ----ন ।

৭। ক) সংজ্ঞা ও উদাহরণ লেখ ঃ
ঔষ্ঠ্যবর্ণ, নাসিক্যবর্ণ, বর্ণ, স্পর্শ বর্ণ ।
খ) যুক্তব্যঞ্জনের রূপটি লেখ ঃ
ঞ্+চ্+ই, হ্+ণ্+অ, জ্+ঞ্+অ।
গ) বর্ণ বিশ্লেষণ কর ঃ
অর্জুন, পঞ্চম, ঊর্ধ্ব ।

৮। ১ নং প্রশ্নের কবিতাটি পড়ে বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়াপদ বের কর ।

৯। এককথায় লেখ ঃ
ময়ূরের ডাক, জানবার ইচ্ছা, বাঘের চামড়া ।

১০। পদান্তর কর ঃ
দেহ, বিনয়, ধীর ।

১১। অর্থের পার্থক্য লেখ ঃ
কীর্তি / কৃত্তি, অংশ / অংস, দূত / দ্যুত ।

১২। দুটি করে সমার্থক শব্দ লেখ ঃ
সংগ্রাম, মেঘ, কেশ ।

১৩। সন্ধি বিচ্ছেদ কর ঃ
শ্রীশ, অদ্রীশ, যথেষ্ট ।

১৪। ক) লিঙ্গান্তর কর ঃ
সাধক, নবাব, পাপিষ্ঠ ।

খ) গণ, পুঞ্জ, মালা, রাজি যোগ করে বহুবচনের পৃথক্ পৃথক্ শব্দ লেখ ।

গ) নীচের বাক্যের ক্রিয়াপদের পুরুষ নির্ণয় কর ঃ

i) তারা রোজ মাঠে খেলতে আসে ।
ii) আমি আজ বাড়ি ফিরেছি ।
iii) মন দিয়ে পড়বে ।
iv) আপনি কোথায় যাবেন ?

১৫। চলিত ভাষায় লেখ ঃ
বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন চলিতেছে ।

১৬। উপযুক্তস্থানে ছেদচিহ্ন বসাও ঃ

দক্ষিণেশ্বরের মাটি পরমহংসদেবের চরণছোঁয়া মাটি এর প্রতিটি কণায় বিশ্ববিধ্বংসী বোমার শক্তি সংহত রয়েছে শ্রীরামকৃষ্ণের চরণছোঁয়া সবচেয়ে সাংঘাতিক বোমাটির নাম শোনেন নি কখনও স্বামী বিবেকানন্দ ।

১৭। 'হাত' শব্দটি দিয়ে দুটি পৃথক অর্থের বাক্য লেখ ঃ
উদাহরণ ঃ তবলাতে অনিন্দ্যর চমৎকার হাত । (দক্ষতা)
হাতটা একবার দেখুন ডাক্তারবাবু । (নাড়ী)

১৮। প্রদত্ত সংকেত অনুসরণে একটি গল্প লেখ (শিরোনাম দেবে) ঃ

খাদ্যের সন্ধান করতে করতে মূষিকশিশু নিদ্রিত সিংহের নাসিকাগহ্বরে ঢুকে পড়ে--বিরক্ত সিংহ তাকে থাবায় ধরে মারতে উদ্যত--অনেক অনুনয়-বিনয় করে বেচারা মুক্তি পায়--কিছুদিন পরে শিকারীর জালে আবদ্ধ সেই সিংহের গর্জন--কৃতজ্ঞ মূষিক তীক্ষ্ণ দন্তের দ্বারা জাল কেটে কেটে প্রাণদাতাকে মুক্ত করে ।

ENGLISH

(Syllabus)

1. Spelling of words
2. Arrangement of letters to make words
3. Arrangement of words to make sentences
4. Framing sentences with given words
5. Subject and Predicate
6. Parts of Speech
7. Singular and Plural numbers of Noun and Pronoun
8. Gender
9. Verb : Present, Past & Past Participle
10. Comparison of Adjectives (Degrees)
11. Tenses : Present, Past and Future
12. Articles and Prepositions (elementary)
13. Changing affirmative sentence into negative and interrogative sentence
14. Use of Punctuations
15. Joining part of a sentence with its correct ending (matching)
16. Joining sentences with Conjunctions
17. Use of simple suffixes and Prefixes
18. Translation of sentences from Bengali to English and English to Bengali
19. Synonyms and Autonyms
20. Collocations
21. Writing answers (in complete sentences) to simple questions
22. Choosing right answers from multiple-choice questions
23. Reading comprehension (unseen) 24. Paragraph writing.

Help Book : Any grammar book prescribed for IV/V standard.

(Sample Questions)

1. Answer the following questions in complete sentences :
   a) Who is called the ‘Father of the Nation’?
   b) What does a farmer do?
   c) How do birds fly in the sky?

2. Arrange the jumbled up letters to make meaningful words and complete the following sentences with them.
   a) DICEWK, b) NIOCSU, c) LSTAA.
   i) — children bring shame to their parents.
   ii) He failed to point out Kolkata in the — .
   iii) My — is a college student.

3. Fill in the blanks with correct words and write what parts of speech they are :
   a) Fortune favours the — .
   b) — is a very good school.
   c) An — man is respected by all.
   d) He worked out the sum — .

4. Fill in the blanks with correct articles or prepositions :
   You see many stars — the sky — night, but not when — sun rises. Can you, therefore, say that there are no stars in the heavens —the day ?

5. Rewrite the following sentences changing the number of the nouns and also make other necessary changes :
   a) A fly is an insect, but an ox is a mammal.
   b) Geese lay eggs and children eat them.

6. Rewrite the sentences after changing the gender of the nouns and also make other necessary changes :
   a) The fox killed the doe.
   b) The emperor’s heir was a bachelor.

7. Give opposite words :
   a) Ignorance b) Virtue c) Vanity d) Deep.

8. Give words of similar meaning :
   a) Lazy b) Holy c) Liberty d) Profit.

9. Change the following sentences into (i) Negative and (ii) Interrogative forms :
   a) He cut his finger with a knife.
   b) Boats sail on the rivers.

10. Translate into English :
   a) আমটির খোসা ছাড়াও ।
   b) সে মৌখিক পরীক্ষায় ভাল ফল করিয়াছে ।
   c) ঝড় উঠিবার পূর্বেই আমরা বাড়ী ফিরিয়াছিলাম ।
   d) রাম গত দুদিন যাবৎ জ্বরে ভুগিতেছে ।

11. Fill in the blanks with the correct forms of the verbs given within brackets :
   Braille — (be) a code of raised dots. Blind people — (read) Braille by — (run) their fingers over the dots on a page.

12. Read the following passage carefully and do the tasks :

Eskimos live in the cold polar regions of North America and north-east Asia. They are related to the Chinese and the Japanese. Their ancestors probably came across the Arctic.

Eskimos have learnt how to live in the cold. They make warm fur coats and build ice homes half under the ground. These houses are called igloos. But many Eskimos now live in wooden houses in towns.

a) State whether the following sentences are True or False :
   i) Eskimos live a hard life.
   ii) They live in a friendly climate.
   iii) They wear cotton clothes.

b) Choose the correct alternatives and underline them :
   i) The first Eskimos—(a) came from other places / (b) lived in towns / (c) originally lived in their present place.
   ii) Eskimos wear—(a) ice clothes / (b) fur clothes / (c) tree skins.
   iii) Most Eskimos live in—(a) mud houses / (b) igloos / (c) log houses.

13. Write a short paragraph in about ten sentences on any one of the following :
   a) My Home b) The Elephant
   c) My Favourite Game

গণিত

(Syllabus)

1. Writing in words, in figures.
2. Simplification (with brackets).
3. Number system (Prime numbers, Composite numbers, Odd numbers, Even numbers, Mutually Prime numbers, Formation of least and greatest numbers with some given digits, Multiples, Factors, Divisibility rules of 2, 3, 4, 5, 6, 9 and 11).
4. Sums on four rules (addition, subtraction, multiplication and division).
5. Problems on years, months, weeks, days, hours, minutes and seconds.
6. Sums on four rules and related simple problems in case of vulgar and decimal fractions.
7. Metric system, Rupees and Paise, Conversion from one stage to another and related problems.
8. Average, Unitary method (Direct and Inverse Relation).
9. Squares and Square Roots of perfect square whole numbers.
10. Problems on perimeter and area of square and rectangle.
11. H. C. F. and L. C. M. including simple problems.
12. Percentage and Ratio.

13. Sums of simple series.
14. Idea of household accounts.
15. Aptitude test on Mathematics.
16. Idea of point, line, surface, plane figure (Triangles, Quadrilaterals, Circles) and solid objects (Cuboid, Prism, Pyramid, Cone, Right Circular Cylinder, Sphere).

Help Book—Any book prescribed for class IV/V standard.

(Sample Questions)

১। শূন্যস্থান পূরণ কর ঃ

ক) ২০.৬০৮ ডেসিমি= ---- ডেকামিটার ।

খ) ৫ কিগ্রা ৫ গ্রাম= ---- হেক্টোগ্রাম ।

গ) ৮ টাকা ৮ পয়সা= ----- টাকা ।

ঘ) ১২ টাকা÷১০ পয়সা= ---- ।

ঙ) ০·৩×০·৩× --- =০·৯ ।

চ) ৫ হ'ল ৩৫-এর একটি ---- ।

ছ) প্রথম ১০টি স্বাভাবিক সংখ্যার গড় হ'ল ---- ।

জ) ২ বৎসর ৬ মাস ১০ দিন= ---- মাস ।

ঝ) ৩ বর্গমি. ৫ বর্গসেমি= ---- বর্গ ডেসিমিটার ।

ঞ) ৪০ এবং ৫০-এর মধ্যবর্তী ২১ দ্বারা বিভাজ্য সংখ্যাটি ---- ।

ট) ১১, ২২, ৩৩, ... এই শ্রেণির ষষ্ঠ সংখ্যাটি কত ?

ঠ) ৪, ৯, ১৫, ২২, ৩০, ৩৯, ... এই শ্রেণির নবম সংখ্যাটি কত ?

ড) $\sqrt{৯২+\sqrt{৫২+\sqrt{১৪৪}}}$ -এর মান কত ?

ঢ) ১+৩+৫+৭+ .... +১৯=কত ?

ণ) $৩৩\frac{১}{৩}$% কে সামান্য ভগ্নাংশে প্রকাশ করো ।

ত) ১.১২ কেজি : ২২০ গ্রাম-এর সরলতম আকারটি লেখ ।

২। 'হ্যাঁ' অথবা 'না' লেখ ।

ক) ১৯০০ খ্রিস্টাব্দ একটি লিপ্‌ইয়ার । ( )

খ) যে কোন সংখ্যাই তার গুণিতক ও গুণনীয়ক। ( )

গ) দৈর্ঘ্যের মৌলিক একক হ'ল কিলোমিটার । ( )

ঘ) ৫ বর্গ মিটার=৫ মিটার বর্গ । ( )

ঙ) ৭ জন লোক একটি কাজ ৭ দিনে করে, তা'হলে ১ জন লোক ঐ কাজটি ১ দিনে করে । ( )

৩। ক) একটি দোকানে প্রতি মিটার ফিতার দাম ৭৫ পয়সা । দ্বিতীয় দোকানে প্রতি ৩ মিটার ফিতার দাম ১·১২ টাকা। কোন্‌ দোকানে ফিতার দর সস্তা ?

খ) নরেন্দ্রপুর থেকে গড়িয়া পর্যন্ত পাকা রাস্তার ধারে ২৫০ মিটার ব্যবধানে ৪২টি গাছ বসানো হ'ল । রাস্তার দুই প্রান্তে ২টি গাছ বসালে নরেন্দ্রপুর ও গড়িয়ার মধ্যে দূরত্ব কত কিলোমিটার ?

গ) ২৪-এর উৎপাদকগুলির সমষ্টি কত ?

ঘ) ৯৯-কে দুটি পূর্ণ সংখ্যার গুণফলরূপে কত উপায়ে প্রকাশ করা যায় ?

ঙ) কোন্ কোন্ মৌলিক সংখ্যা দ্বারা ১৪৯-কে ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রে ৬ ভাগশেষ থাকে ?

চ) দুটি সংখ্যার ল.সা.গু. ৭২ এবং গ.সা.গু. ৬ হলে সংখ্যা দুটি কি কি ?

ছ) সমান সংখ্যক টাকা, ৫০ পয়সা ও ২৫ পয়সার মুদ্রা মিলিয়ে ৫৬ টাকা হ'লে, প্রত্যেক প্রকার মুদ্রার সংখ্যা কত?

জ) যদি ৪৫৫০৪÷২৮৮=১৫৮ হয়, তাহলে ০·৪৫৫÷০·২৮৮ এর ভাগফল কত ?

ঝ) এক ব্যক্তি ৫ দিনের আয় ৭ দিনে ব্যয় করে । যদি ঐ ব্যক্তির মাসিক আয় ২১০ টাকা হয়, তবে কত দিনে ঐ ব্যক্তি ১০০ টাকা সঞ্চয় করবে ?

ঞ) বার্ষিক পরীক্ষায় ৩ জন ছাত্রের অঙ্কের গড় নম্বর ৮২ । যদি প্রথম ছাত্র ১২ নম্বর বেশী এবং দ্বিতীয় ছাত্র ৬ নম্বর কম পেত, তাহলে ৩ জন ছাত্রের অঙ্কের প্রাপ্ত নম্বরের গড় কত হবে ?

৪। সরল কর ঃ

ক) ২৮×২৪×১৮÷৯÷১২÷১৪÷৮×১৬

খ) ১০০÷ [১২+৪{২০–২৪÷২(১০–৪×২) ×৩}]

গ) ২÷ [২+২÷{২+২÷(২+২÷৪)}]

ঘ) ৭÷১৫×৯০÷১৪×১২–৫৪×১৬÷১৮+২০–৮

৫। পাঁচটি পর পর সংখ্যার গড় ১৫ হলে, সংখ্যাগুলি কি কি?

৬। চার জন বালকের গড় ওজন ৪২ কিগ্রা । প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বালকের ওজন গড় ওজন অপেক্ষা যদি ২ কিগ্রা কম, ৫ কিগ্রা বেশি এবং ১ কিগ্রা কম হয়, তবে চতুর্থ বালকের ওজন কত হবে ?

৭। ৮ মিটার এবং ১৫ মিটার বাহু বিশিষ্ট দুটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সঙ্গে সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা কত হবে ?

৮। একটি আয়তকার জমির দৈর্ঘ্য, প্রস্থের ৪ গুণ । ঐ আয়তকার জমির পরিসীমা ১৫০ মিটার হ'লে তার ক্ষেত্রফল কত আর ?

৯। দুটি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে ৭২০ এবং ৮ । একটি সংখ্যা ৮০ হ'লে, অপর সংখ্যাটি কত?

১০। কত টাকা হতে তার চতুর্থাংশ বাদ দিয়ে অবশিষ্টের তৃতীয়াংশ হতে ৫ টাকা খরচ করলে ১০ টাকা থাকে?

১১। এক জন লোক তার সম্পত্তির $\frac{১}{৯}$ অংশ করে তিন পুত্রকে, $\frac{১}{৮}$ অংশ করে দুই কন্যাকে দিলেন এবং অবশিষ্ট সম্পত্তি স্ত্রীকে দিলেন । স্ত্রীর অংশের মূল্য প্রত্যেক কন্যার অংশের মূল্য অপেক্ষা ১১০০ টাকা বেশী হ'লে, ঐ ব্যক্তির সমগ্র সম্পত্তির মূল্য কত ?

১২। কোন্ লঘিষ্ঠ সংখ্যাকে ৬, ৮ এবং ৯ দ্বারা ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রে ৩ ভাগশেষ থাকে কিন্তু ৭ দ্বারা ভাগ করলে ভাগ মিলে যায় ।

১৩। ২৪ জন হিমালয় অভিযাত্রীর ৩০ দিনের খাদ্য ছিল । ৫ দিন পরে ৪ জন অভিযাত্রী তুষার ঝড়ে মারা গেলে অবশিষ্ট খাদ্যে অবশিষ্ট অভিযাত্রীদের কত দিন চলবে ?

১৪। পরীক্ষার্থীদের জলযোগের জন্য একবার এক ঝুড়ি আম আনা হ'ল । আমগুলো ভাগ করে দেওয়ার সময় দেখা গেল, প্রত্যেককে তিনটি করে আম দিলে ১০টি আম বেশী হয়, আবার প্রত্যেককে ৪টি করে দিলে ২০টি আম কম পড়ে । কতজন পরীক্ষার্থী ছিল এবং কতগুলি আম আনা হয়েছিল ?

১৫। ক ও খ-এর বয়স একত্রে ১৯ বছর ৩ মাস ১৮ দিন, খ ও গ-এর বয়স একত্রে ১৯ বছর ১ মাস ৩ দিন এবং গ ও ক-এর বয়স একত্রে ১৮ বছর ১ মাস ২৫ দিন । ক-এর বয়স কত ?

১৬। ক অপেক্ষা খ-এর নিকট ৪৪ টাকা বেশী আছে। খ, ক-কে ৭৫ টাকা দিলে ক-এর কাছে খ অপেক্ষা কত টাকা বেশী থাকবে ?

১৭। ৬ জন শিশুর গড় বয়স ৩৫ মাস । কোন শিশুরই বয়স ৩০ মাসের কম নয়, তাহলে ঐ দলের কোন এক শিশুর সর্বাধিক বয়স হবে--

ক) ৬০ মাস
খ) ৫৫ মাস　　　ঘ) ৪৫ মাস
গ) ৫০ মাস　　　ঙ) ৬৫ মাস

১৮। প্রথম দুটো উদাহরণ ভাল করে পড়ে নিয়মটি বের কর এবং ঐ নিয়মের সাহায্যে তৃতীয় উদাহরণটির সমাধান বের কর ।

ক) যদি ৪ A ৬=২৮
এবং ৮ A ৯=৮০
তাহলে ১০ A ১০= ?

খ) যদি ৫ B ১০=১
এবং ১০ B ৩০=২
তাহলে ২০ B ৮০= ?

গ) যদি ৩ D ৩=২৭
এবং ৫ D ৫=১২৫ হয়
তবে, ১০ D ১০= ?

১৯। একটি দেওয়ালঘড়িতে ১ টার সময় একবার ঘন্টা বাজে, ২ টার সময় দুবার ঘন্টা বাজে; ২৪ ঘন্টায় এইভাবে মোট কতবার ঘন্টা বাজবে ?

২০। ২ থেকে $১\frac{৯৯৯৯৯}{১১১১১১১}$ কত ছোট ?

২১। এক বর্ষার দিনে একটি বিদ্যালয়ে ৮৮২ জন ছাত্রছাত্রী উপস্থিত হল । তারা সংখ্যায় মোট ছাত্র-ছাত্রীর ৭৫% । ঐ বিদ্যালয়ের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা নির্ণয় করো ।

২২। এক ব্যক্তির বার্ষিক আয় ৭৫০০০ টাকা । ওনার আয় ও ব্যয়ের অনুপাত ২৫ : ২১ হলে, বাৎসরিক সঞ্চয় কত হয় তা নির্ণয় করো ।

২৩। ১, ২, ৩ দ্বারা তিন অঙ্কের কতগুলি সংখ্যা গঠন করা যায় তা নির্ণয় কর । ঐ সংখ্যাগুলির সমষ্টিও নির্ণয় কর ।

২৪। ক, খ ও গ একসঙ্গে খেতে বসল । ক-এর ৪টি এবং খ-এর ৩টি রুটি ছিল, কিন্তু গ-এর কোন রুটি ছিল না । তারা সমান ভাগ করে রুটিগুলি খেল । খাওয়া শেষে গ অপর দুজনকে মোট ৭ টাকা দিল । ক ও খ কত করে পাবে তা নির্ণয় কর ।

২৫। ক) যে সকল ঘনবস্তুর কোন শীর্ষবিন্দু নেই, সেগুলির জ্যামিতিক নাম লেখ ।
খ) বর্গক্ষেত্র এবং আয়তক্ষেত্র-এর মধ্যে পার্থক্যগুলি লেখ ।
গ) বৃত্ত এবং গোলক-এর মধ্যে পার্থক্যটি লেখ ।
ঘ) চারটি বিন্দুর (যেগুলির যে কোন তিনটি বিন্দু অসমরেখ) মধ্যে যে কোন দুটি বিন্দু দিয়ে গঠিত সরলরেখার মোট সংখ্যা নির্ণয় কর ।
ঙ) সংজ্ঞা লেখ ঃ সমবাহু ত্রিভুজ, ট্রাপিজিয়াম, পিরামিড ।
চ) বৃত্ত এবং গোলকের চিত্র আঁক ।
ছ) বিভিন্ন ঘনবস্তু থেকে যে সকল সামতলিক চিত্র পাওয়া যায় সেগুলির নাম লেখ ।